



BANGLADESH BOTANICAL SOCIETY

Department of Botany, University of Dhaka, Dhaka-1000, Bangladesh

Website: www.bdbotsociety.org, Email: bdbotsoc@gmail.com

President

Prof. Dr. Md. Abul Bashar

Cell : 01552319846

Email: botanybasha@yahoo.com

Secretary General

Prof. Dr. Ashfaque Ahmed

Cell : 01911745320

Email: aashfaque67@yahoo.com

বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির কার্যকরী পরিষদ নির্বাচন-এর নীতিমালা

কার্যকরী পরিষদের ১৮ এবং ১৯তম সভার সিদ্ধান্তসমূহ

- কার্যকরী পরিষদের নিকট থেকে দায়িত্বপ্রাপ্ত নির্বাচন কমিশন বিধিমোতাবেক অনতিবিলম্বে নির্বাচন সিডিউল ঘোষণা করবেন। কার্যকরী পরিষদ কর্তৃক প্রদত্ত ভোটার তালিকা চূড়ান্ত ভোটার তালিকা হিসেবে পরিগণিত হবে। সিডিউল ঘোষণার পর কোনো নতুন সদস্য ভোটার হিসেবে তালিকায় অন্তর্ভুক্ত হবেন না।
- জীবন সদস্য ও সাধারণ সদস্য নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। সাধারণ সদস্যের ক্ষেত্রে যাঁরা ২০২৩ সাল পর্যন্ত সমিতির চাঁদা পরিশোধ করেছেন (১৪.১২.২৩ তারিখের মধ্যে চাঁদা পরিশোধ করতে হবে) শুধুমাত্র তারা নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।
- নির্বাচন কমিশন মনোনয়ন পত্র, প্রার্থীতা প্রত্যাহার পত্র ও ব্যালট পেপার তৈরি করবেন।
- মনোনয়ন পত্রে প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর ভোটার তালিকা অনুযায়ী নাম, ভোটার নম্বর, পদবী ও ঠিকানা এবং তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।
- মনোনয়ন পত্র ও প্রার্থীতা প্রত্যাহার পত্র পোস্ট করার পরপরই নির্বাচন কমিশনকে ইমেইল এবং মোবাইল ফোনে জানাতে হবে। বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির ওয়েব সাইটে মনোনয়ন পত্র ও প্রার্থীতা প্রত্যাহার পত্রের নমুনা রাখতে হবে যেন প্রার্থী প্রয়োজনে সেখান থেকে ডাউনলোড করে নিতে পারেন।
- একজন ভোটার একাধিক পদের জন্য মনোনয়ন পত্র জমা দিতে পারবেন, তবে মনোনয়ন পত্র প্রত্যাহারের তারিখের পূর্বে প্রত্যাহার না করলে প্রত্যাহারের তারিখের পর কোনো পদের জন্য কোনো মনোনয়ন পত্রই বিবেচ্য হবে না অর্থাৎ উক্ত প্রার্থীর সবকটি মনোনয়ন পত্রই বাতিল বলে গণ্য হবে।
- নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত সিডিউল-এর তারিখ ও সময় এর মধ্যে প্রার্থীকে তাঁর প্রার্থীতা প্রত্যাহার করতে হবে অন্যথায প্রার্থীতা থেকে যাবে। প্রার্থীর প্রত্যাহার পত্র নির্বাচন কমিশন-এর ইমেইলেও দিতে হবে।
- নির্বাচন কমিশন বৈধ প্রার্থীরদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করবেন এবং ক্রমিক নম্বরসহ একটি ব্যালট পেপার তৈরি করবেন। ব্যালট পেপার-এ প্রার্থীর ভোটার নম্বর, নাম, পদবী ও সংক্ষিপ্ত ঠিকানা থাকতে হবে। ব্যালট পেপারে সিরিয়েল নম্বর এবং দুইজন সদস্যের (নির্বাচন কমিশন) রসিদ কালিতে স্বাক্ষর থাকতে হবে।
- নির্বাচন কমিশন এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ব্যালট পেপার কুরিয়ার সার্ভিস (সুন্দরবন অথবা এসএ পরিবহন) এর মাধ্যমে দিতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও আশেপাশের কোনো ভোটার সশরীরে ব্যালট পেপার নিতে চাইলে তাকে নির্বাচন কমিশন কর্তৃক সিডিউল ঘোষণার এক সপ্তাহের মধ্যে রেজিস্টারে নাম লিপিবদ্ধ ও স্বাক্ষর করে নিতে হবে এবং ভোট প্রদান করে সোসাইটির অফিসে সংরক্ষিত ভোটদান বাস্তব জমা দিতে হবে। উল্লেখ্য যে, বাংলাদেশ বোটানিক্যাল সোসাইটির সদস্যগণ শুধুমাত্র তাঁর নিজ ব্যালট পেপার সংগ্রহ করতে পারবেন।
- ব্যালট পেপার নির্বাচন কমিশন কর্তৃক স্বাক্ষরিত ফেরত খামে পাঠাতে হবে, অন্যথায তা গ্রহণযোগ্য হবে না। একটি খামে শুধুমাত্র ১টি ব্যালট পাঠানো যাবে। একাধিক ব্যালট পেপার থাকলে তা অবৈধ বলে গণ্য হবে।
- পোস্টেড ব্যালট সম্বলিত খাম ফেরত আসলে নির্বাচন কমিশন তা রেজিস্টারে লিপিবদ্ধ করে সংরক্ষণ করবেন এবং পরবর্তীতে ফলাফল ঘোষণার দিন অবহিত করবেন। কোনো সদস্যের খাম ফেরত আসলে সেই সদস্য সশরীরে উপস্থিত থেকে খামটির ব্যালট পেপার ব্যবহার করে নির্দিষ্ট সময়ের মধ্যে ভোট প্রদান করে সোসাইটির অফিসে সংরক্ষিত ভোটদান বাস্তব জমা দিতে পারবেন।
- ভোটার কর্তৃক ভোট প্রদানের পর ভোটাধিকার প্রয়োগকৃত ব্যালটটি নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত সিডিউল এর সর্বশেষ তারিখ ও সময় এর মধ্যে পৌছাতে হবে। কমিশন কর্তৃক নির্ধারিত সময় এর মধ্যে না পৌছালে সে ব্যালট ভোট গণনার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
- নির্বাচন কমিশন ভোট গ্রহণের সময় শেষ হওয়ার পরপরই উপস্থিত প্রার্থী ও সদস্যদের উপস্থিতিতে ভোট গণনা করে খসড়া ফলাফল ঘোষণা করবেন এবং ফলাফল সীটে উপস্থিত প্রার্থীর ও কার্যকরী পরিষদের কর্মকর্তার (কমপক্ষে ২ জন) স্বাক্ষর নিবেন।
- নির্বাচন কমিশন সোসাইটির বার্ষিক সাধারণ সভায় চূড়ান্ত ভাবে নির্বাচন এর ফলাফল ঘোষণা করবেন।

mabasha

অধ্যাপক ড. মোঃ আবুল বাসার
সভাপতি, বিবিএস

Prof. Dr. Md. Abul Bashar
President
Bangladesh Botanical Society

Ashfaque Ahmed

অধ্যাপক ড. আসফাক আহমদ
মহাসচিব, বিবিএস

Prof. Dr. Ashfaque Ahmed
Secretary General
Bangladesh Botanical Society